# আল-আদিয়াত | Al-Adiyat | اَلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ১০

## আরবি মূল আয়াত:

وَ حُصِّلَ مَا فِی الصُّدُوۡرِ ﴿۱۰﴾

## অনুবাদসমূহ:

আর অন্তরে যা আছে তা প্রকাশিত হবে। — আল-বায়ান

আর অন্তরে যা (কিছু লুকানো) আছে তা প্রকাশ করা হবে, — তাইসিরুল

এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে? — মুজিবুর রহমান

And that within the breasts is obtained, — Sahih International

### ১০. আর অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?(১)

(১) অর্থাৎ অন্তরের ভালো-মন্দ পৃথক করে প্রকাশ করে দেওয়া হবে। ফলে গোপনগুলো প্রকাশ হয়ে পড়বে; মানুষের কর্মফল তাদের চেহারায় ফুটে উঠবে। [সা'দী] এ-বক্তব্যটিই অন্যত্র আল্লাহ বলেছেন, “যেদিন গোপন রহস্য যাচাই বাছাই করা হবে।” [সূরা আত-তারিক: ৯] এ দু আয়াতে বলা হয়েছে আল্লাহ্ তা'আলা কবর থেকে উত্থিত করে, গোপন বিষয় প্রকাশ করার পর যে বিচার ও প্রতিদান প্রদান করা হবে, মানুষ কি তা জানে না? [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

### ১০। এবং অন্তরে যা আছে, তা প্রকাশ করা হবে। [1]

[1] حُصِّلَ এর মানে হল, অন্তরে যা কিছু গোপন আছে তা প্রকাশ করে দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6156

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন